

## 🖪 আল-হিজর | Al-Hijr | ٱلْحِجْر

আয়াতঃ ১৫: ১৭

💵 আরবি মূল আয়াত:

## وَ حَفِظنْهَا مِن كُلِّ شَيطنٍ رَّجِيمٍ ﴿١٧﴾

## 🗚 অনুবাদসমূহ:

আর আমি তাকে সুরক্ষিত করেছি প্রত্যেক বিতাড়িত শয়তান থেকে। — আল-বায়ান আর প্রত্যেক অভিশপ্ত শয়ত্বান থেকে সেগুলোকে সুরক্ষিত করে দিয়েছি। — তাইসিরুল প্রত্যেক অভিশপ্ত শাইতান হতে আমি ওকে রক্ষা করি। — মুজিবুর রহমান

And We have protected it from every devil expelled [from the mercy of Allah] — Sahih International

১৭. এবং প্রত্যেক অভিশপ্ত শয়তান হতে আমরা সেগুলোকে সুরক্ষিত করেছি;

তাফসীরে জাকারিয়া

## (১৭) প্রত্যেক বিতাড়িত শয়তান হতে আমি ওকে নিরাপদ রেখেছি। [1]

[1] رجيم (রজম) এর অর্থ পাথর ছুঁড়ে মারা। শয়তানকে 'রাজীম' এই জন্য বলা হয় যে, সে যখন আকাশের দিকে যাওয়ার চেষ্টা করে, তখন তাকে আকাশ থেকে জ্বলন্ত শিখা (উল্কা) ছুঁড়ে মারা হয়। রাজীম অভিশপ্ত ও বিতাড়িত অর্থেও ব্যবহার হয়। কারণ যাকে পাথর ছুঁড়ে মারা হয় তাকে চতুর্দিক থেকে অভিসম্পাত করা হয়। এখানে মহান আল্লাহ এ কথাই বলেছেন যে, আমি আকাশকে প্রত্যেক অভিশপ্ত শয়তান হতে রক্ষা করে থাকি ঐ সকল গ্রহ-নক্ষত্র দ্বারা, যা আঘাত হেনে শয়তানকে পালাতে বাধ্য করে।

তাফসীরে আহসানূল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1819

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন